দৈনিক ইনকিলাব

OCT. 23 1999
তারিখ ...
পৃষ্ঠা 25 কলাম 9
256

## শিক্ষকরা কি ভেবে দেখেছেন?

আমাদের দেশের অনেক মাধ্যমিক বিদ্যালয়ে দেখা যায় যে, শিক্ষকরা ক্লাসের মধ্যে ছাত্রদেরকে সচেতনতার সাথে পড়ান না, তার কারণ যদি তারা (শিক্ষকরা) একটু মনোযোগ দিয়ে ছাত্রদের পড়ান তবে তাদের কাছে প্রাইভেট পড়বে কে! অর্থাৎ তাদের বাড়তি আয় হবে না। কিন্তু শিক্ষকরা কি ভেবে দেখেছেন যে, এতে গরীব ছাত্রছাত্রীরা দারুণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাছাড়া স্কুলের ভেতরে ছুটির পরে প্রাইভেট পড়ানো যে কোনভাবে বিধি সম্মত নয়, এটাও তাদের বোধগম্য হচ্ছে না। এ ব্যাপারে আমি উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এ ব্যাপারে আশু প্রদক্ষেপ গ্রহণ অপরিহার্য।

—কবির আহমদ, এমসি কলেজ এন্ড বিশ্ববিদ্যালয়, সিলেট।